



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১ সেপ্টেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটির কুদুকছড়িতে দুই নিরীহ গ্রামবাসীকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা সংগঠক সচল চাকমা আজ শনিবার ১ সেপ্টেম্বর ২০১৮ এক বিবৃতিতে রাঙামাটির ‘আবাসিক’ নামে পরিচিত কুদুকছড়ি উপর পাড়া থেকে কিনা মোহন চাকমা (৪০) ও নীল মোহন চাকমা (৩৭) নামে দুই সহোদর ভাইকে অন্যায়ভাবে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, ‘গতকাল শুক্রবার গভীর রাতে গ্রেফতারের আগে তাদের বাড়িতে ব্যাপক তল্লাশী চালানো হয়। এ সময় আটককারী নিরাপত্তা বাহিনীর সদস্যরা বাড়ির টাকা পয়সা লুট করে ও কিনা মোহন চাকমার অটোরিক্সাটি নিয়ে যায়।’

ইউপিডিএফ নেতা অভিযোগ করেন তল্লাশীর সময় বেআইনী কোন কিছু না পাওয়ার পরও তাদেরকে বেআইনীভাবে আটক করা হয়েছে, যা মৌলিক অধিকারের পরিপন্থী।

গ্রেফতার হওয়া কিনা মোহন চাকমা একজন গ্রাম্য দোকানদার ও অটোরিক্সা চালক এবং তার ছোট ভাই নীল মোহন চাকমা টিউশনি ও কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করেন বলে তিনি বিবৃতিতে উল্লেখ করেন এবং অবিলম্বে তাদের নিঃশর্ত মুক্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।